The Bangladesh Monitor - A Premier Travel Publication



Date: 26 October, 2025

মিশিগানে বাংলাদেশের নতুন কনস্যুলেট চালু হচ্ছে

- A Monitor Desk Report



ঢাকাঃ মার্কিন যুক্তরাষ্ট্রের অন্যতম বাংলাদেশি অধ্যুষিত অভারাজ্য মিশিগানে বাংলাদেশের নতুন কনস্যুলেট চালুর অনুমোদন দিয়েছে উপদেষ্টা পরিষদ।

বৃহস্পতিবার (২৩ অক্টোবর) প্রধান উপদেষ্টার কার্যালয়ে উপদেষ্টা পরিষদের সভায় এ অনুমোদন দেওয়া হয়। সভায় সভাপতিত্ব করেন প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউন্স।

একই দিন বিকেলে ফরেন সার্ভিস একাডেমিতে এক ব্রিফিংয়ে মিশিগানে বাংলাদেশের নতুন কনস্যুলেট চালুর অনুমোদনের তথ্য জানান প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম।

তিনি বলেন, 'যুক্তরাষ্ট্রের মিশিগানের অঙ্গরাজ্য ডেট্রয়েট শহরে বাংলাদেশের নতুন কনস্যুলেট অফিস স্থাপনের সিদ্ধান্ত হয়েছে। প্রধান উপদেষ্টা বলেছেন, তাদের পুরো কাজকে যেন অনলাইনে সার্ভিস দিতে পারেন। সেটার সক্ষমতা যেন কনস্যুলেট চালু হওয়ার সঞ্চো সার্ভেগ থাকে। সেই বিষয়ে উনি নির্দেশনা দিয়েছেন।'

প্রসঞ্চাত, যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে বাংলাদেশের দূতাবাস আছে। এছাড়া টেক্সাসের হিউস্টনে, ক্যালিফোর্নিয়ার লস এঞ্জেলেসে, ফ্লোরিডার মায়ামিতে, লুজিয়ানার নিউ অরলেন্সে এবং নিউইয়র্কে বাংলাদেশের কনস্যুলেট অফিস আছে। এছাড়া নিউইয়র্কে জাতিসংঘের স্থায়ী মিশন রয়েছে। প্রবাসী বাংলাদেশিদের মিশিগানে কনস্যুলেট খোলার দীর্ঘদিনের দাবি।

এছাড়া বিগত সরকারের সময় মিশিগানে কনস্যুলেট খোলার আশ্বাস মিললেও আলোর মুখ দেখেনি। অভারাজ্যটির ডেট্রয়েট, হামট্রাম্যাক, ওয়ারেন, স্টার্লিং হাইটস, ট্রয়, ক্যান্টন, এ্যান আরবর এর মতো শহরগুলোতে বাংলাদেশিদের ঘনবসতি লক্ষণীয়।

এদিকে অন্তর্বর্তী সরকারের এমন সিদ্ধান্তে মিশিগান বাংলাদেশি কমিউনিটির মাঝে আনন্দ বিরাজ করছে।